কালীগঞ্জে কৃষকের লাউ গাছ কেটে দিল দূর্বৃত্বরা!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বড় শিমলা গ্রামে এবার ২৩ শতক জমির ধরন্ত লাউ গাছ কেটে সাবাড় করেছে দূর্বৃত্তরা।

গত শনিবার দিবাগত রাতে উপজেলার ৫নং শিমলা রোকনপুর ইউনিয়নের বড় শিমলা গ্রামের নূর ইসলামের ক্ষেতে। এতে ওই কৃষকের কমপক্ষে প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন।

ভুক্তভোগী কৃষক নূর ইসলাম জানান, তিনি একজন বর্গাচাষী। শনিবার দিবাগত রাতে কে বা কারা আমার ২৩ শতক জমির ধরন্ত লাউ গাছ কেটে দিয়েছে। এতে আমার প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। গ্রামে আমার কারো সাথে বিরোধ নেই। আমার এমন ক্ষতি করে কি লাভ হলো।

পদত্যাগ করলেন দুই অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল

দুই অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও মো. মমতাজ উদ্দিন ফকির পদত্যাগ করেছেন। রবিবার সকালে অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল পদ থেকে পদত্যাগ করার কথা জানান মুরাদ রেজা। তিনি বলেছেন, আইন মন্ত্রণালয়ের মাধ্যমে রাষ্ট্রপতি বরাবর তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন। তবে কি কারণে পদত্যাগ করেছেন সে সম্পর্কে কোনো মন্তব্য করেননি তিনি।

একই সময়ে আইন মন্ত্রণালয়ের সলিসিটর উইং এর মাধ্যমে পদত্যাগপত্র জমা দিয়েছেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মমতাজ উদ্দিন ফকির। এ বিষয়ে তিনি জানান, একান্ত ব্যক্তিগত কারণে পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন তিনি। এর বাইরে কিছু নেই বলেও জানান তিনি।

যদিও গত বৃহস্পতিবার নতুন অ্যাটর্নি জেনারেল নিয়োগের পর থেকে ওই দুজনের পদত্যাগের খবর শোনা যাচ্ছিল। এর আগে গত ৮ অক্টোবর

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি এ এম আমিন উদ্দিনকে দেশের ১৬তম অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেয়া হয়।

এর আগে অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালন করা মাহবুবে আলম ২৭ সেপ্টেম্বর ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

সূত্র- বিডি প্রতিদিন

আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে আশরাফপুর স্কুল মাঠে ইউনিয়ন তাঁতী লীগের কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা তাঁতীলীগের আহ্বায়ক নুর ইসলাম সুবাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. কাজী শহীদুল হক। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানা।

বিশেষ অতিথি ছিলেন আমদাহ ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন, জেলা তাঁতী লীগের সদস্য আতাউর রহমান, সদর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান, গাংনী তাঁতীলীগের আহ্বায়ক মনিরুল ইসলাম, মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক পবীর শেখ প্রমূখ।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন সদর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহ্বায়ক এস এম রাসেল।

অনুষ্ঠানের প্রথম অধিবেশন শেষে আমদাহ ইউনিয়ন তাঁতী লীগের কমিটি ঘোষণা করা হয়। কমিটির সদস্যরা হলেন আহবায়ক মনিরুল ইসলাম, যুগ্ম

আহ্বায়ক খোকন আলী, জুয়াত আলী, মনিরুল ইসলাম, মকলেছ মিয়া ও সদস্য সচিব তুহিন শেখ সহ ৫১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

গাংনীর এফ এম জি ট্রেডার্স মালিকের নামে অর্থ আত্মসাতের মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার গাংনী হাসপাতাল বাজারের এফ.এম.জি ট্রেডার্স মালিকের ও তার ভাইয়ে নামে ২টি মামলা দায়ের করা হয়েছে। মেহেরপুর জুডিসিয়াল ম্যাজিট্রেট ২য় আমলী আদালতে এই মামলা করা হয়, যাহার সি আর নং-২৫০-২৫১-২০২০ (গাংনী)।

একই উপজেলার রামদাসপুর গ্রামের মৃত একতার আলীর ছেলে একরামুর হক বাদী হয়ে গাংনী পৌরসভা ৩নং ওয়ার্ডের মৃত: আজিমুদ্দীনের ছেলে নুরুজ্জামান (প্রো: এফ.এম.জি ট্রেডার্স) ও তার ভাই কামাল এর নামে মামলা দায়ের করে। যার মামলা নং-২৫০, ধারা-৪০৬,৪২০.৫০৬। পেনাল কোড, মামলা নং-২৫১, ধারা-৪৬৭.৪৬৮.৪৭১.৪১৮.৪২০ দ:বি: ধারাতে মামলা দায়ের করেন।

বিগত ২৩-০৫-২০১৭ সালে সার দেওয়ার নাম করে অগ্রমী ২৬ লক্ষ টাকা দেওয়া হয়, চেক মাধ্যমে ২০ লক্ষ টাকা যাহার চলতি হিসাব নং-১৩১, যাহার চেক নং- ঢব-সগ-(৪৫৪১৮১৪) টাকা পরিমাণ ছিলো ২০ লক্ষ টাকা মাত্র, ২৫-০৫-২০১৭ তারিখে নগদ- ৬ লক্ষ টাকা দেওয়া হয়।

১-ট্রাক বেঙ্গল মিশ্র সার দেয় যার পরিমাণ ছিলো ৪০০ বস্তা সে সময় বাজার ছিলো মূল্য ২ লক্ষ ৭০ হাজার টাকা মাত্র।

বিজ্ঞ আদালত আমার আইনজীবী মাধ্যমে শুনানী করে উক্ত মামলাটি পিবিআই কে তদন্ত করিয়া। আগামী ১২-০১-২০২১ তারিখে মধ্য তদন্ত প্রতিবেদন বিজ্ঞ আদালতে দাখিল করিবার নিদেশ প্রদান করেন।

মামলার সাক্ষী এনামুলের ছেলে আশাদুল জানান, এফ.এম.জি ট্রেডার্স মালিক নুরুজ্জামান ব্যবসায়ী সমাজের আস্তবিশ্বাসকে নষ্ট করেছে।

মৃত সাত্তারের ছেলে সামছুল জানান, গাংনী হাসপাতাল বাজারের সার ব্যবসায়ী নুরুজ্জামান, একরামুল কে ব্যবসায়ী ভাবে শেষ করে দিয়েছে আমি তার শাস্তি চাই।

নজরুল ইসলামের ছেলে সাবেক ইউপি সদস্য আনারুল জানান, সার ব্যবসায়ী নুরুজ্জামান ও কামাল এরা ২জন মিলে সার ব্যবসায়ী একরামুলকে রাস্তায় বসিয়ে দিয়েছে।

সাবেক ইউপি সদস্য বাবুল জানান, একরামুলের কাছে থেকে ২৬ লক্ষ টাকা নিয়ে সার না দিয়ে যে প্রতারণা করেছে নুরুজ্জামান ।

মৃত আক্তাব উদ্দীনের ছেলে আমিরুল জানান, সার ব্যবসায়ী একরামুল হক একজন সহজ সরল মানুষ তাকে সার দেবো বলে ২৬ লক্ষ টাকা নিয়ে যে প্রতারণা করেছে নুরুজ্জামান এটা কোন সভ্য মানুষের কাজ হতে পারে না।

মামলার বাদী একরামুল হক জানান, প্রতারক নুরুজ্জামান আমাকে প্রতারণা করে অর্থনৈতিক ভাবে সর্ব শান্ত করে দিয়েছে। আমি বিজ্ঞ আদালতের কাছে আবেদন করিতেছি যাহাতে আমি ন্যায় বিচার পায় সে দিকে সু-দৃষ্টি দিবেন।

জীবননগরে ধর্ষণের শিকার কিশোরীর জোরপূর্বক গর্ভপাত

জীবননগরে এক কিশোরীকে জোর পূর্বক ধর্ষণের পর ৬ মাসের গর্ভবতী হয়ে পড়ে। কিশোরীর মামাতো ভাই আলামিন কর্তৃক এ ধর্ষণের অভিযোগ তোলেন স্থানীয়রা। কিশোরীর স্বাজনরা জোর করে গ্রাম্য ডাক্তারের কাছে নিয়ে ওষুধ খাইয়ে গর্ভপাত ঘটায়। শনিবার দুপুরে পুলিশ ভূমিষ্ঠ হওয়া মৃত ছেলে নবজাতকটি কে উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ানের গোয়ালপাড়া গ্রামের এক কিশোরী (১৭) বেশ কয়েক বছর ধরে কুষ্টিয়া সদর উপজেলার মিনাপাড়ার

দিপুর বাড়িতে গৃহকর্মী হিসাবে কাজ করে। কিশোরীর বাবা মারা যাওয়ার পর মা ও তিন বোন মামার বাড়িতে থাকতো। গত রোজার ঈদে কিশোরী ঈদে বেড়াতে আসে মায়ের কাছে।

এ সময় মামাতো ভাই আলামিন ঈদের পরের দিন রাতে জোর পূর্বক তাকে বাড়ির পাশে একটি বাগানে তুলে নিয়ে যায়। সেখানে ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণ করে কিশোরীকে। কয়েক দিন রাতে কিশোরীকে ঘরে একা পেয়ে আলামিন ধর্ষণ করে বলে অভিযোগ করে স্থানীয়রা।

কিশোরী কুষ্টিয়ায় অসুস্থ্য হয়ে পড়লে তার মা বৃহস্পতিবার সন্ধায় গ্রামে নিয়ে আসেন। পরে গ্রাম্য ডাক্তার সামসুল হুদার কাছে নিলে গর্ভপাতের জন্য ওষুধ খাইয়ে দেয়। শুক্রবার রাতে কিশোরী বাড়িতে গর্ভপাত হলে স্থানীয়রা বিষয়টি জানতে পারে। ভূমিষ্ঠ হওয়া মৃত নবজাতকটি কে পরিবারের সদস্যরা সরিয়ে ফেলতে চাইলে স্থানীদের বাধার মুখে পড়ে। কিশোরীর মা, মামা-মামী গ্রামে প্রচার করতে থাকে কুষ্টিয়া থেকে এ ঘটনা ঘটেছে।

এ ঘটনার পর থেকে অভিযুক্ত আলামিন গা ঢাকা দেয়। স্থানীয়রা বলছেন, ঘটনার সাথে জড়িতেদের দৃষ্টান্ত মূলক শাস্তি হোক।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন বলেন, গোয়ালপাড়া গ্রামে কুমারী মেয়ের পেটে বাচ্ছার বিষয়টি আমি শুনে ঘটনা স্থানে যায়। সেখানে যেয়ে দেখি বাচ্ছাটি মারা গেছে। আমি বিষয়টি জীবননগর থানা পুলিশকে বললে ঘটনা স্থানে পুলিশ ছুটে আসে। তবে এ ঘটনার সাথে যেই জড়িত থাকুক না কেন আমি তার শাস্তি চাই।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, গোয়ালপাড়া গ্রামে কুমারী মেয়ের বাচ্ছা জন্ম দেওয়া এবং তাকে হত্যার বিষয়টি শুনেছি। এ ঘটনায় পুলিশ ঘটনা স্থানে যেয়ে বাচ্ছাটির মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়েছে।

কালীগঞ্জে নবগঠিত ছাত্রদলের নেতৃবৃন্দের তাতী দলের শুভেছা

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়বাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহবায়ক কমিটির নেতৃবৃন্দের তাতীদলের পক্ষ থেকে ফুলল শুভছা জানানা হয়েছে।

গত শুক্রবার সকাল শহরের দলীয় কার্যালয় জাতীয়তা বাদী স্বেছাসবক দলর পক্ষ থক নবগঠিত কমিটির নেতৃবৃন্দের ফুলল শুভেছা জানানো হয়েছে। নবগঠিত কমিটির উপজলা শাখার আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মসুম উদ্দিন শোভন, পর শাখার আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, মাহতাব উদ্দিন কলেজ শাখার সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলামসহ উপজেলা ছাত্রদলর যুগ্ম আহবায়ক আসাদুল ইসলাম, আলাউদ্দিন, শাহাদৎ হোসন রিওন, তারেকুর রহমান টিপু, মেহেদী হাসান হিরণ, পৌর শাখার যুগ্ম আহবায়ক ইসরাফিল হোসেন জুয়ল, মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইভন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমদ।

কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক আল আমিন, হারুন উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভজ, খালেদ সাইফুল্লাহ শাওন, উপজলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুনা, সাব্বির হাসান, গাজী তরিকুল, জুয়ল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য মাসুম মন্ডল, তারিক মাহমুদ, সাকিবুল হাসান, মাহফুজ পারভেজ সহ বিপুল সংখ্যক নেতাকর্মীকে ফুলেল শুভেছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজলা স্বেছাসবক দলের সভাপতি তোফাজ্জল হোসেন তপন, স্বেছাসেবক দলের নেতা বুলবুল আহমদ, সোহল রানা, জাহাঙ্গীর আলম, আলমগীর হোসেন, শহীদুল ইসলাম হিরু, দেলায়ার হোসেন,এ স এম মাসুম পারভেজ, তরিকুল ইসলাম, হাসানুজ্জামান লিসান, এরশাদ হাসন সানা, সরোয়ার হোসেন, সাহেব আলী, সোহাগ হাসন, শাহ আলম, শহিদুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে ধর্ষকদের সর্বোচ্চ শাস্তির দাবীতে মানববন্ধন

দেশব্যাপী শিশু ও নারী ধর্ষণ-নির্যাতনের প্রতিবাদে এবং দোষিদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড করার দাবীতে ঝিনাইদহে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন মানববন্ধন কর্মসূচী পালন করেছে। গতকাল শনিবার সকালে শহরের পোষ্ট মোড়ে ব্যানার ফেস্টুন নিয়ে এসব সংগঠনের নেতাকর্মীরা এতে অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা মানবাধিকার বাস্তবায়ন সংস্থার সভাপতি আমিনুর রহমান টুকু, ওয়েল ফেয়ার এফোর্টস এর পরিচালক শরিফা খাতুন, পরিবেশবীদ মাসুদ আহমেদ সঞ্জু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব একরামুল হক লিকু, বাউল সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, সুজনের সাধারণ সম্পাদক শরীফ মাহমুদুল হাসান, এইড ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক আশরাফুন নাহার আশা, মানবাধিকার নাট্য পরিষদের সভাপতি রুবেল আহমেদ, পদ্মা সংস্থার নির্বাহী পরিচালক হাবিবুর রহমান।

এছাড়াও ডাস, হাঙ্গার প্রজেক্টসহ বিভিন্ন স্থানীয় সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা, ধর্ষণ বিচার আইন সংশোধন করে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড করার দাবী জানান।

বাবার মতো জনগণের সেবক হতে চাই- মনিরুল ইসলাম

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতিমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যান সহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে ‘মেহেরপুর প্রতিদিন’ এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক পর্ব। এ পর্বে ‘মেহেরপুর প্রতিদিন’ এর মুখোমুখি হয়েছিলেন গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান মনিরুজ্জামান মনি। সাক্ষাতকার গ্রহণ করেছেন

আমাদের নিজস্ব প্রতিনিধি পলাশ আহমেদ। সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো:

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আপনার সিদ্ধান্ত কি?

মনিরুজ্জামান মনি: আপনারা জানেন, আমি গত নির্বাচনে বিএনপি দল থেকে ভোট করে নির্বাচিত হয়েছি। জনগণ আমাকে ভালোবেসে ভোট দিয়ে এই চেয়ার আমাকে উপহার দিয়েছে এবং আমার বাবা দীর্ঘদিন যাবৎ চেয়ারম্যান হিসেবে জনগণের সেবক হিসেবে কাজ করে গেছেন। তার মুখের দিকে চেয়েও আমাকে জনগণ আমাকে ভোট দিয়েছে। তাই জনগণের কাছে আমি ও আমার পরিবার কৃতজ্ঞ। তাই জনগণ যদি আবারও চাই, আর ভোট যদি সুষ্ঠ হয় তাহলে আবার নির্বাচন করে চেয়ারম্যান হবো ইনশাল্লাহ্। তবে নির্বাচনী প্রচারনার কাজ এখনো শুরু করিনি করবো।

মেহেরপুর প্রতিদিন: আপনার দল বিএনপি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে কোন নির্দেশনা দিয়েছে কি না?

মনিরুজ্জামান মনি: কোন নির্দেশনা আসে নি। তবে বাংলাদেশের কিছু কিছু স্থানে নির্বাচন হচ্ছে সেখানে বিএনপি প্রার্থী আছে সেই ক্ষেত্রে আশা করি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনেও বিএনপি থাকবে। তবে ভোট যদি সুষ্ঠ হয় এবং জনগণ কে যদি তাদের ভোট দেওয়ার পূর্ণ স্বাধীনতা দেয় তাহলে আবারো চেয়ারম্যান হবো ইনশাল্লাহ্।

মেহেরপুর প্রতিদিন: জনগণ কে দেওয়া প্রতিশ্রুতি কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন।

মনিরুজ্জামান মনি: আমি নির্বাচিত হওয়ার পর রাস্তা ঘাট, মসজিদ-মাদ্রাসা-স্কুল, বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধি ভাতা, থেকে শুরু করে করোনাকালিন সময় ১০ কেজি, ১৫ কেজি, ৩০ কেজি চাউল, শিশুদের জন্য দুধসহ সকল প্রকার সহযোগীতা অসহায় মানুষের দারে দারে পৌঁছে দিয়েছি। আমার ইউনিয়ন পরিষদের বরাদ্দ খুবই স্বল্প সেই সল্পতা থেকে আমি সকলকে সন্তষ্ট রাখার চেষ্টা করেছি। এবং ইউনিয়নের প্রধান প্রধান স্থান গুলোতে স্ট্রিট লাইটের ব্যাবস্থা করেছি।

মেহেরপুর প্রতিদিন: আপনি আপনার দল বিএনপি’র কাছে থেকে নোমিনেশন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদী?

মনিরুজ্জামান মনি: আমি দলের দুর্দিনে পাশে আছি এবং বর্তমান

ক্ষমতাশালী দলের বিপক্ষে নির্বাচন করে চেয়ারম্যান হয়েছি। জনগণের ভালোবাসা আস্থা আমার উপর আছে। সেই সুবাদে আমি মনে করি আমার দল আগামী নির্বাচনে আমাকেই নোমিনেশন দিবে। নোমিনেশন পেয়ে নির্বাচনে আসলে আমার বিশ্বাস জনগণ আমাকে আবার চেয়ারম্যান নির্বাচিত করবেন।

এ ক্ষেত্রে দল আমাকেই মুল্যায়ন করবেন বলে মনে করি। আমি এই ৫ বছরে মানুষের ভালোবাসা পেয়েছি এবং সবাই আমাকে সন্তানের মতো দেখেন, আমিও তাদের সম্মান করি, আমি সব সময় বিপদে আপদে তাদের পাশে দাড়ানোর চেষ্টা করি।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

মনিরুজ্জামান মনি: আমি আমার বাবার দেখানো পথেই জনগণের সেবক হয়ে তাদের পাশে থাকতে চাই। আমার ষোলটাকা ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। আমার পরিকল্পনা আছে আবার যদি নির্বাচিত হয় তাহলে শিক্ষাখাতে উন্নয়ন করতে চাই। মানুষের বন্ধু হয়ে পাশে আছি এবং সব সময় তাদের পাশে থেকে সেবা করতে চাই।

ভারতে একদিনে আরও ৯২৬ মৃত্যু, নতুন শনাক্ত ৭৩২৭২

করোনাভাইরাসে ভারতে গত ২৪ ঘণ্টায় আরও ৯২৬ জন মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশটিতে ১ লাখ সাত হাজার ৪১৬ কোভিড রোগীর মৃত্যু হলো।

এই সময়ে দেশটিতে আক্রান্ত হয়েছেন আরও ৭৩ হাজার ২৭২ জন। এতে মোট শনাক্ত রোগীর সংখ্যা বেড়ে ৬৯ লাখ ৭৯ হাজার ৪২৩ জনে দাঁড়িয়েছে।

এছাড়া গত ২৪ ঘণ্টায় ভারতে সুস্থ হয়েছেন ৮২ হাজার ৭৫৩ জন। মোট সুস্থ ৫৯ লাখ ৮৮ হাজার ৮২২ জন।

শনিবার ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে এনডিটিভির প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

ভারতীয় এই সংবাদমাধ্যম আরও জানায়, সংক্রমণের দিক থেকে বিশ্বের মধ্যে ভারতের অবস্থান বর্তমানে দ্বিতীয়তে। সবচেয়ে বেশি রোগী শনাক্ত হয়েছে মহারাষ্ট্রে। এরপর রয়েছে অন্ধ্র প্রদেশ, কর্নাটক, তামিল নাড়ু, উত্তর প্রদেশ ও দিল্লি।

ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ভারতে ১১ লাখ ৬৪ হাজার ১৮টি নমুনা পরীক্ষা করা হয়েছে। আর এখন পর্যন্ত পরীক্ষা করা হয়েছে আট কোটি ৫৭ লাখ ৯৮ হাজার ৬৯৮টি নমুনা।

বিশ্বে করোনায় প্রাণহানি ১০ লাখ ৬৭ হাজার

বিশ্বে মহামারী করোনাভাইরাসে এখন পর্যন্ত ১০ লাখ ৬৭ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়েছেন তিন কোটি ৬৮ লাখের বেশি।

এ ছাড়া সুস্থ হয়েছেন ২ কোটি সাড়ে ৫৫ লাখের বেশি মানুষ।

শনিবার জনস হপকিনস ইউনিভার্সিটির করোনাভাইরাস রিসোর্স সেন্টার এ তথ্য জানিয়েছে।

তাদের সর্বশেষ তথ্য অনুযায়ী, বিশ্বে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩ কোটি ৬৮ লাখ দুই হাজার ৭০৮ জন এবং মৃত্যু হয়েছে ১০ লাখ ৬৭ হাজার ১০১ জনের। এ ছাড়া সুস্থ হয়েছেন ২ কোটি ৫৫ লাখ ৭৮ হাজার ৬২৫ জন।

করোনায় এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃত্যু যুক্তরাষ্ট্রে। দেশটিতে আক্রান্ত হয়েছেন ৭৬ লাখ ৬৩ হাজার ৩৩ জন এবং মারা গেছেন ২ লাখ ১৩ হাজার ৭৩৯ জন। এ ছাড়া সুস্থ হয়েছেন ৩০ লাখ ৩৯ হাজার ৮৯ জন।

যুক্তরাষ্ট্রের পর সবচেয়ে বেশি মৃত্যু ব্রাজিলে। দেশটিতে আক্রান্ত হয়েছেন ৫০ লাখ ৫৫ হাজার ৮৮৮ জন, মারা গেছেন এক লাখ ৪৯

হাজার ৬৩৯ জন এবং সুস্থ হয়েছেন ৪৫ লাখ দুই হাজার ৮৫৪ জন।

সংক্রমণের দিক থেকে দ্বিতীয় ও মৃত্যুর দিক থেকে তৃতীয়তে থাকা ভারতে আক্রান্ত হয়েছেন ৬৯ লাখ ছয় হাজার ১৫১ জন, মারা গেছেন এক লাখ ছয় হাজার ৪৯০ জন এবং সুস্থ হয়েছেন ৫৯ লাখ ছয় হাজার ৬৯ জন।

মৃত্যুর সংখ্যার দিক থেকে চতুর্থতে রয়েছে মেক্সিকো। দেশটিতে করোনায় আক্রান্ত হয়ে এখন পর্যন্ত ৮৩ হাজার ৪৯৭ জন মারা গেছেন। আক্রান্ত হয়েছেন আট লাখ ১০ হাজার ২০ জন। এ ছাড়া সুস্থ হয়েছেন ছয় লাখ ৮৭ হাজার ১২৩ জন।

ভাইরাসটির সংক্রমণস্থল চীনে আক্রান্ত হয়েছেন ৯০ হাজার ৭৫১ জন, মারা গেছেন ৪ হাজার ৭৩৯ জন এবং সুস্থ হয়েছেন ৮৫ হাজার ৬৪০ জন।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

করোনাভাইরাসে বাংলাদেশে মোট ৫ হাজার ৪৪৭ জন কোভিড রোগীর মৃত্যু হয়েছে। মোট আক্রান্ত হয়েছেন ৩ লাখ ৭৫ হাজার ৮৭০ জন।